দামুড়হুদায় করোনা ভাইরাস প্রতিরোধে জরুরী সভা

দামুড়হুদায় করোনা ভাইরাস প্রতিরোধে উপজেলা প্রশাসন জরুরী সভা করেছে। গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসন জরুরী সভা করে।
দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে জরুরী সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু।
এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ, উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা ডা আবু হেনা মোহাম্মদ জামাল শুভ, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. মশিউর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল মতিন, উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আশরাফ আলি, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান প্রভাষক শরিফুল আলম মিল্টন, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্টু, নাটুদহ ইউপি চেয়ারম্যান শাহ মো এনামুল করিম ইনু প্রমুখ।

দর্শনায় গাঁজাসহ কথিত সাংবাদিক সাইবুর গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী সফল অভিযান চালিয়েছে। এ অভিযানে ১ কেজি গাঁজাসহ সাইবুর রহমান নামের এক কথিত সাংবাদিককে গ্রেফতার করেছে।
সে দর্শনা পৌর শহরের দক্ষিণ চাঁদপুর গ্রামের হল্ট স্টেশন পাড়ার ফরজ মল্লিক ওরফে বুড়োর ছেলে।
পুলিশ জানায়, গতকাল বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানা পুলিশের
এসআই আহম্মদ আলী ও এএসআই মারুফ হোসেন সহ সঙ্গীয় ফোর্স নিয়ে

মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা পুরাতন বজার মোড়ে। এসময় রামনগর অভিমুখ হতে দর্শনা বাসস্ট্যান্ড গামী একটি মোটরসাইকেলের পথ গতিরোধ করে পুলিশ। এরপর তার কাছ হতে ভারতীয় পলিথিন দিয়ে মোড়ানো ১ কেজি গাঁজাসহ একটি নম্বর বিহীন পালসার মটরসাইকেল সহ সাইবুর রহমানকে (৩৫) গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামী সাইবুর রহমান দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের হল্ট স্টেশন পাড়ার ফজর মল্লিক ওরফে বুড়োর ছেলে। এ ঘটনায় সাইবুর রহমানকে গ্রেফতার ও একই এলাকার আজিম উদ্দিনকে পালাতক দেখিয়ে থানার এসআই আহম্মদ আলী বাদী হয়ে দর্শনা থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করেছে।

আলমডাঙ্গায় অপহৃত শিশু উদ্ধার, আটক -৫

আলমডাঙ্গায় শ্বাসরুদ্ধ অভিযান চালিয়ে অপহরণের ৭ ঘণ্টা পর কাজী ফারহান সিফাত (৪) নামে একটি শিশুকে উদ্ধার করেছে পুলিশ।
গতকাল বৃহস্পতিবার রাত ৩ টার দিকে থানা পুলিশ পৌর এলাকার আনন্দধামের ক্যানেলপাড়ায় অভিযান পরিচালনা করেন। এ ঘটনায় গ্রেফতার করা হয়েছে শিশুটির চাচাসহ পাঁচ জনকে।
এ সময় অপহরণের কাজে ব্যবহৃত ৭ টি মোবাইল ও ১ টি মোটরসাইকেল উদ্ধার করা হয়।
সিফাত আলমডাঙ্গা পৌরসভা এলাকার কলেজপাড়ার দাঁতের চিকিৎসক কাজী সজীবের একমাত্র ছেলে।
গতকাল বৃহস্পতিবার দুপুর ১ টার দিকে আলমডাঙ্গা থানায় আয়োজিত সংবাদ সম্মেলনের মাধ্যমে এ তথ্য জানান অতিরিক্ত পুলিশ সুপার জাহাঙ্গীর আলম।
অপহরণের ঘটনায় গ্রেফতারকৃত পাঁচজন হলেন- আলমডাঙ্গার কলেজনপাড়ার কাজী সুমন (২৮), একই আনন্দধাম এলাকার মিজানের ছেলে শাওন (২৫), লুৎফরের ছেলে আকাশ (২০), সেলিমের স্ত্রী রাশেদা (৪০) ও আশাননগরের আকমল শেখের ছেলে খোরশেদ (৩৫)। এদের মধ্যে কাজী সুমন হলেন অপহৃত শিশুটির বাবা কাজী সজীবের চাচাতো ভাই।
আলমডাঙ্গা থানা চত্তরে আয়োজিত সংবাদ সম্মেলনে অতিরিক্ত পুলিশ

সুপার জাহাঙ্গীর আলম বলেন, গত ৩১ শে মার্চ বুধবার বিকেলে কলেজপাড়ার নিজ বাড়ির সামনে থেকে মোটরসাইকেলে করে জুস কিনে দেওয়ার নাম করে সিফাতকে অপহরণ করে দুর্বৃত্তরা।
পরে রাতেই এ বিষয়ে শিশুটির বাবা কাজী সজীব আলমডাঙ্গা থানায় একটি লিখিত অভিযোগ করেন।
রাত ১০টার দিকে মোবাইলফোনে কল দিয়ে ১০ লাখ টাকা মুক্তিপণ দাবি করে অপহরণকারীরা। টাকা না দিলে ওই শিশুটিকে খুন করার হুঁমকিও দেয় অপহরণ চক্রের সদস্যরা।
এর পরই অভিযানে নামে পুলিশ। শহরের বিভিন্ন স্থানে সিসিটিভি ক্যামেরার মাধ্যমে অভিযুক্ত ব্যক্তিদের শনাক্তের চেষ্টা করা হয়। অভিযানের একপর্যায়ে দিনগত রাত ৩টার দিকে উপজেলার আনন্দধাম এলাকায় একটি বাড়ি থেকে অপহৃত সিফাতকে উদ্ধার করাসহ ওই পাঁচজন গ্রেফতার করা হয়। অপহরণ কাজে ব্যবহৃত একটি মোটরসাইকেল ও ৭ টি মোবাইল ফোন জব্দ করা হয়েছে।
উল্লেখ্য, গত বুধবার বিকেলে বাড়ির সামনে খেলার সময় শিশুটিকে কৌশলে মোটরসাইকেলে তুলে নিয়ে যায় অপহরণকারীরা।
এ ঘটনায় ওই দিন রাতে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করেন। অভিযোগের ভিত্তিতেই থানা পুলিশ শিশু উদ্ধার অভিযানে নামে। রাতেই শিশুর দাদার নিকট মুক্তিপণ দাবি করেন। মোবাইল ফোনের সূত্র ধরেই তাদের আটক করে পুলিশ।

দামুড়হুদার গোবিন্দহুদায় বিষপানে প্রতিবন্ধীর আত্মহত্যা

দামুড়হুদা উপজেলার সদর ইউনিয়নের গোবিন্দহুদা গ্রামে শরীরিক প্রতিবন্ধী সহিদুল ইসলাম সহিদ(৫৫) বিষপ্রাণে আত্মহত্যা করেছে। গতকাল বৃহস্পতিবার সকালে সে রোগ যন্ত্রনায় বিষপ্রাণে আত্মহত্যা করে।
স্থানীয় ও পারিবারিক সূত্রে জানা যায়, দামুড়হুদার গোবিন্দহুদা গ্রামের শারীরিক প্রতিবন্ধী সহিদুল ইসলাম সহিদ দীর্ঘদিন যাবত মাথার সমস্যায় ভুগছিলো।
সে বৃহস্পতিবার মাথার সকালে পরিবারের সকলের অজান্তে বিষপ্রাণ

করে। বিষয়টি পরিবারের লোকজন জানতে পেরে তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। গতকাল বিকেলে গোবিন্দহুদা গ্রাম্য কবরস্থানে তার দাফন সম্পন্ন করা হয়। দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি আব্দুল খালেক বলেন, তার পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় দাফন করার অনুমতি দেওয়া হয়েছে। এঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

আলমডাঙ্গায় ব্ল্যাক বেঙ্গল গোট উন্নয়ন মেলা অনুষ্টিত

আলমডাঙ্গা প্রাণীসম্পদ অফিস ও প্রাণী সম্পদ হাসপাতালের উদ্যোগে ব্ল্যাক বেঙ্গল গোট উন্নয়ন মেলা অনুষ্টিত হয়েছে।
গতকাল বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে আলমডাঙ্গা প্রাণী সম্পদ অফিস চত্তরে মেলা উত্তর সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে চুয়াডাঙ্গা জেলা প্রাণী সম্পদ অফিসার ডাঃ গোলাম মোস্তফার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাডঃ সালমুন আহম্মদ ডন, উপজেলা নির্বাহী অফিসার পুলক কুমার মন্ডল, প্রাণী সম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডাঃ শরিফুল ইসলাম, জেলা পরিষদ সদস্য মিজানুর রহমান, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম।
প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ বায়োজিত খন্দকারের উপস্থাপনায় স্বাগত বক্তব্য রাখেন আলমডাঙ্গা উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি।
অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, ভিটিআই এর সহযোগী অধ্যাপক নীলিমা ইব্রাহিমি, খাদ্য কর্মকর্তা মিয়াজান, উপ-সহকারি প্রাণী সম্পদ কর্মকর্তা শামসুজ্জোহা প্রমুখ।
সভায়, কালিদাশপুর ইউনিয়নের পারকুলা গ্রামের উদ্যযোক্তা মোছাঃ মুক্তা খাতুন প্রথম পুরস্কার ও বেলগাছি গ্রামের উদ্যোক্তা ফারুক হোসেনকে দ্বীতিয় পুরস্কার প্রদান করা হয়েছে।
এ ছাড়াও উন্ননয়ন মেলায় অংশ গ্রহন কারি সকল উদ্যোক্তাদের সান্তনা

জীবননগর প্রেসক্লাবের দ্বী- বার্ষিক নির্বাচন

জীবননগর প্রেসক্লাবের দ্বি-বার্ষিক সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার দুপুরে প্রেসক্লাব কার্যালয়ে ভারপ্রাপ্ত সভাপতি এসএম কামাল উদ্দিন জোয়াদের সভাপতিত্বে সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠিত হয়।

নির্বাচনে এম আর বাবু সভাপতি ও কাজী সামসুর রহমান চঞ্চল সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

কমিটির সহ-সভাপতি পদে নারায়ণ ভৌমিক, সহ-সম্পাদক পদে মুন্সী রায়হান উদ্দিন, অর্থ সম্পাদক পদে মামুন-উর রহমান, দপ্তর সম্পাদক হুমায়ন কবীর, প্রচার ও প্রকাশনা সম্পাদক পদে নূর আলম, সমাজ কল্যাণ সম্পাদক পদে শেখ শহিদুর, নির্বাহী সদস্য পদে এসএম কামাল উদ্দিন জোয়াদ, সালাউদ্দীন কাজল ও আতিয়ার রহমান হয়েছেন।

নির্বাচন পরিচালনা করেন সিনিয়র সাংবাদিক কামাল সিদ্দিকী বাবু, শেখ সামসুল আলম ও আবু সাঈদ বাবুল।

মুক্তিযোদ্ধা প্রজন্মলীগ এর মেহেরপুর জেলা শাখার পূর্নাঙ্গ

কমিটির আত্মপ্রকাশ

বাংলাদেশ আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগ এর মেহেরপুর জেলা শাখার পূর্নাঙ্গ কমিটির আত্মপ্রকাশ করেছে। শুক্রবার মেহেরপুর জেলা শাখার সভাপতি তরিকুল ইসলাম রাজিব এর নেতৃত্বে মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে কমিটির আত্মপ্রকাশ করে।

গত ২২ মার্চ কেন্দ্রীয় কমিটির সভাপতি আসাদুজ্জামান ও সাধারণ মেজবাহ উদ্দিন সাক্ষরিত রাজিবকে সভাপতি ও সোহাগকে সাধারণ সম্পাদক করে ৭১ সদস্য বিশিষ্ট পূর্নাঙ্গ কমিটির অনুমোদন দেওয়া হয়।

কমিটির অন্য সদস্যরা হলেন, সিনিয়র সহ সভাপতি রাজু আহমেদ লিটন, সহ সভাপতি শাহাবুল ইসলাম, মিনারুল ইসলাম মিনার, আলি হোসেন, শওকত আলী, আলাউদ্দিন, রিপন মিয়া, যুগ্ম সম্পাদক ইফতেখার হোসেন সবুজ, আবু আলহা বিন হাবিব, ফারুক উদ্দিন তপু, মিরাজুল ইসলাম, সোহেল রানা, সাংগঠনিক সম্পাদক ডিউকুজ্জমানান তুহিন,

সুজাউদ্দিন সুজন, সাদ্দাম হোসেন, ফরিদুল ইসলাম, প্রচার সম্পাদক সোহানুর রহমান, দপ্তর সম্পাদক ফয়সাল হাসান, অর্থ বিষয়ক সম্পাদক আলামিন, মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক জাব্দুর রহিম, কৃষি বিষয়ক সম্পাদক বোরহান উদ্দিন, ধর্ম বিষয়ক সম্পাদক কাজী সাজেদুর রহমান, যুব ও ক্রিয়া বিষয়ক সম্পাদক আশিক পারভেজ সেতু,

সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক হাসানুজ্জামান সোহেল, মহিলা বিষয়ক সম্পাদক সোনিয়া ইসলাম, সমাজ কল্যান বিষয়ক সম্পাদক আবুল কালাম আজাদ সুমন, তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক মাসুদ রানা, আইন বিষয়ক সম্পাদক আবুল কালাম আজাদ, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক মনিরুল ইসলাম মনি, শিল্প বিষয়ক সম্পাদক সাজেদুল ইসলাম সাজু, শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক আল-ফাহাদ রুপম, শ্রম ও জনসংখ্যা সম্পাদক ফিরোজ শেখ,

প্রচার ও প্রকাশনা উপ সম্পাদক মেহেদী হাসান, দপ্তর উপ সম্পাদক ইয়াসিন আলী, সহ সম্পাদক সুজন জোয়ার্দার, ফয়সাল বাশার, রায়হানুল ইসলাম, পিয়ার আলী, জাহিদ হাসান, খুরশিদ আলম, জহিরুল ইসলাম, শেখ গাদ্দফী, সুমন মন্ডল, আজাদ বিশ্বাস, সজীব আহমেদ, জাহিদ হাসান রঞ্জু।

এ ছাড়াও ২৩ জন সদস্য রয়েছে।

ঝিনাইদহ জামে মসজিদে নামাজিদের মাঝে মাস্ক বিতরণ

ঝিনাইদহ জামে মসজিদে আজ শুক্রবার জুম্মার নামাজ পড়তে আসা নামাজিদের মাঝে মাস্ক বিতরণ করা হয়েছে। এসময় ঝিনাইদহ পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু উপস্থিত থেকে মসজিদে মাস্ক না পড়ে আসা নামাজিদের নিজ হাতে মাস্ক পড়িয়ে দেন। বাংলাদেশে করোনায় আক্রান্তের সংখ্যা মাত্রাতিরিক্ত হওয়ার কারণে বিগত দিনের মত নিজে সাধারণ জনগণকে সচেতন করতে ঝিনাইদহে সচেতনমূলক প্রচার- প্রচারণায় নেমে পরেছেন। মাস্ক বিতরণ শেষে তিনি বলেন,ভিড়ে নয়,নীড়ে থাকুন। নিজে সুস্থ থাকুন,নিজ পরিবারকে সুস্থ রাখুন। নিজে স্বাস্থ্যবিধি মেনে চলুন এবং অন্যকে স্বাস্থ্যবিধি মেনে চলতে উৎসাহিত করুণ।

চুরি হওয়া গরু উদ্ধারের চুক্তির টাকা না দেওয়ায় হামলার অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার শালিকা গ্রামে চুরি হওয়া গরু উদ্ধার করে দেওয়া চুক্তির নির্ধারিত টাকা না দেওয়ায় ঘট নামের এক ব্যক্তির উপর হামলার অভিযোগ উঠেছে একই গ্রামের ফুলচাদের ছেলে আনোয়ার ও কাদের ঘটকের ছেলে মিনা ঘটকের বিরুদ্ধে। ঘটনার বিবরণে জানা গেছে গত মঙ্গলবার দিবাগত রাতে শালিকা পশ্চিমপাড়ার কাবা মিয়ার বাড়ি থেকে একটি গরু চুরি হয়। বুধবার ভোরে একই এলাকার কালু নামের এক যুবকের সাথে ঘটের কথা। পরে সকালে গরু চুরির ঘটনা এলাকায় জানাজানি

হলে এলাকাবাসী কালুকে আটক করে। এলাকাবাসীর জেরার মুখে কালু স্বীকার করে গরু চুরির মূলহোতা একই এলাকার ফুলচাদের ছেলে আনোয়ার এর নাম। কালু আগে থেকেই বিভিন্ন হাটে গরু ব্যবসায়ীদের গরু আনা নেওয়া কাজ করে। আরও জানা গেছে,
কালু আটক হবার পর চুরির ঘটনায় আনোয়ারের ঘটের মুঠোফোনে কথা হয়। এসময় আনোয়ার ঘটকে আনোয়ারের নাম গোপন ও কালুকে ছেড়ে দেওয়া সহ বিশ হাজার টাকা দিলে গরু ফিরিয়ে দেওয়ার আশ্বাস দেয় আনোয়ার। শর্ত মেনে নেওয়ায় গরুটি চুয়াডাঙ্গা জেলার আটকবর এলাকা থেকে গরুটি উদ্ধার করে গরুর মালিককে ফেরৎ দেওয়া হয়। ওই ঘটনাকে কেন্দ্র করে আনোয়ারের সাথে চুক্তির বিশ হাজার টাকা দিতে ঘটকে চাপ প্রয়োগ করে। ঘট টাকা দিতে পারবে না বলে আনোয়ারকে জানায়। পরে বৃহস্পতিবার (১ এপ্রিল) ঘট মাগরিবের নামাজ পড়ে মসজিদ থেকে বের হলে মিনা ঘটক ঘটকে মসজিদের পাশে নিয়ে গালি বলে তুই গরু ধরিয়ে দিয়েছিস টাকা দেওয়ার কথা বিশ হাজার সে টাকাও দিসনি বলেই বাঁশ দিয়ে আমার মাথায় আঘাত করার চেষ্টা করে আমি বাঁশ ধরে ফেলি পরে লোকজন জড়ো হলে মিনা স্থান ত্যাগ করে এবং পরবর্তীতে দেখে নেবে বলে হুমকি দিয়ে যায়। এঘটনায় আনোয়ার ও মিনার বিরুদ্ধে সদর থানায় একটি অভিযোগ দাখিল করা হয়েছে। ঘটনার সুষ্ঠ তদন্তের মাধ্যমে দোষীদের যথাযথ শাস্তির দাবি জানান এলাকাবাসী। উল্লেখ্য গত মঙ্গলবার(৩০ মার্চ) দিবাগত রাতে শালিকা পশ্চিমপাড়ার কাবা মিয়ার বাড়ি থেকে একটি গরু চুরি হয়। চুরির ঘটনায় কালু নামের (গরু বহনকারী) একজনকে আটক করে পুলিশে দেয় গ্রামের স্থানীয়রা। Attachments area

করোনা সংক্রমণ এড়াতে প্রশাসনকে কঠোর হতে হবে

গেলো দশ দিনে দেশে করোনা সংক্রমণ বেড়েছে হু হু করে। গত ২২ মার্চ দেশে করোনা শনাক্ত হয়েছিল ২৮০৯ জন, মৃত্যু হয়েছিল ৩০ জনের। ঠিক দশ দিন পর শনাক্ত হয়েছে ৬৪৬৯ জন এবং মৃত্যু হয়েছে ৫৯ জনের। গেলো ১০দিনের পরিসংখ্যান একত্রিত করলে করোনা শনাক্ত হয়েছে ৪৬ হাজার ৮৮৬ জন এবং মৃত্যু হয়েছে ৪১৫ জনের।